

সারাদেশ

সাংবাদিকদের একহাত নিলেন এনায়েতুল্লাহ আব্বাসী



মতলব (চাঁদপুর) প্রতিনিধি

প্রকাশ: ২০ অক্টোবর ২০২৬, ০৬:২৪ পিএম

17

Shares

f

X

in

o

y

y



আরও পড়ুন

ধর্ম-বর্ণের বিভাজন নয়,
সবাইকে নিয়ে বাংলাদেশ
গড়তে চাই: প্রধানমন্ত্রী

বাস-ট্রাকের সংঘর্ষে
নিহত ১২ এক পরিবারে
বাবা-মেয়ের মৃত্যু, মা ও
ছেলে হাসপাতালে

বীজ প্রতারণায় ক্ষোভ
তানোরে তোপের মুখে
কৃষক সমাবেশ পণ্ড!

লক্ষ্মীপুরে সার ডিলার
নিয়োগে অনিয়মের
অভিযোগ

ফলো করুন

গুগল নিউজ

হোয়াটসঅ্যাপ

মেসেঞ্জার

সাংবাদিকদের একাংশকে ‘কুত্তার মতো পিটানো দরকার’ বলে মন্তব্য করেছেন ইসলামী বক্তা ড. সাইয়েদ মুহাম্মদ এনায়েতুল্লাহ আব্বাসী।

মাদকের বিরুদ্ধে অবস্থান নেওয়ায় প্রতিমন্ত্রী ইশরাক হোসেনের উদ্দেশ্যকে মহৎ বললেও তার পদ্ধতির সমালোচনা করেন তিনি। একই সঙ্গে মাদকের বিরুদ্ধে অভিযানের ইতিবাচক দিক প্রচার না করায় সাংবাদিকদের একাংশের সমালোচনা করেন এই ইসলামী বক্তা।

সোমবার (১৯ অক্টোবর) রাতে চাঁদপুরের মতলব উত্তর উপজেলার নিশ্চিন্তপুর হাফিজিয়া মাদ্রাসার বার্ষিক ওয়াজ ও দোয়ার মাহফিলে প্রধান বক্তার বক্তব্যে তিনি এসব কথা বলেন।

ইশরাক হোসেনের প্রসঙ্গ টেনে এনায়েতুল্লাহ আব্বাসী বলেন, ইশরাক মাদকের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেছেন। এটি ঠিক। পিস্তল উঁচিয়ে অভিযান চালানোর পদ্ধতি খারাপ হলেও তার উদ্দেশ্য মহৎ ছিল।

সাংবাদিকদের সমালোচনা করে তিনি বলেন, বাংলাদেশের সাংবাদিকদের একাংশ সবচেয়ে খারাপ। মাদকের বিরুদ্ধে অভিযানের ইতিবাচক দিক প্রচার না করে সাংবাদিকেরা পিস্তল হাতে দৌড়ানোর বিষয়টি সামনে এনেছেন।

এ সময় সাংবাদিকদের একাংশকে ‘হলুদ সাংবাদিক’ আখ্যা দিয়ে তাদের বিরুদ্ধে অবস্থান নেওয়ার আহ্বান জানান তিনি। এমনকি তাদের ‘কুত্তার মতো পিটানো দরকার’ বলেও মন্তব্য করেন।

এনায়েতুল্লাহ আব্বাসী আরও বলেন, সাংবাদিকেরা ইতিবাচক সংবাদ প্রচার করলে মাদকের বিরুদ্ধে অভিযান নিয়ে সরকারের সিদ্ধান্ত ভিন্ন হতে পারত। দেশে মাদকের বিস্তার মোকাবিলায় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর পাশাপাশি সামাজিকভাবে কার্যকর উদ্যোগ প্রয়োজন বলেও মন্তব্য করেন তিনি।

আওয়ামী লীগ প্রসঙ্গে তিনি বলেন, মাহফিলে উপস্থিত অনেকেই বিএনপি, জামায়াত ও এনসিপির সমর্থক। আওয়ামী লীগের লোকজনও আছেন। কেউ আওয়ামী লীগে নেই। এমন

সর্বশেষ

সর্বাধিক পঠিত



খাদ্যগুদামের ৩১
সনাতন শ্রমিককে পূজার
উপহার দিলেন খাদ্যমন্ত্রী



কুমুদিনী কমপ্লেক্সের
সেবার ইতিহাস অনন্য:
ভারতীয় হাইকমিশনার



বাবা-মায়ের গুনাহের
দায় কি সন্তানের ওপর
পড়ে?

সব খবর



দাবি মিথ্যা। এটি তাদেরও দেশ, তারা কোথায় যাবে? খুনিদের শাস্তি হওয়া উচিত। তবে নিরীহ ব্যক্তিদের ক্ষমা করে দেওয়া দেশের জন্য কল্যাণকর হবে বলে মন্তব্য করেন তিনি।

সাংবাদিক

■ সম্পর্কিত খবর



বিআরটি বাতিলের সিদ্ধান্ত
পুনর্বিবেচনার দাবি ঢাকাস্থ
গাজীপুর সাংবাদিক
ফোরামের



হত্যার আশঙ্কার কথা
পুলিশকে আগেই
জানিয়েছিলেন সাংবাদিক
লুৎফুজ্জামান



সাংবাদিক লুৎফুজ্জামান
হত্যা, রহস্য উন্মোচনে
এসআরবির ছায়াতদন্ত



‘আমাদের যারা এতিম
করেছে, তাদের ফাঁসি চাই’



পাঁচ গুলি লুৎফুজ্জামানের
শরীর ভেদ করে বের হয়ে
যায়, আটকে ছিল এক



আগে হামলা, এবার হত্যা:
সাংবাদিক লুৎফুজ্জামানকে
কেন টার্গেট?

সারাদেশ

বাস-ট্রাকের সংঘর্ষে নিহত ১২

এক পরিবারে বাবা-মেয়ের মৃত্যু, মা ও ছেলে হাসপাতালে



বড়াইগ্রাম (নাটোর) প্রতিনিধি

প্রকাশ: ২০ অক্টোবর ২০২৬, ১০:৫৭ পিএম



ছবি: সংগৃহীত

আরও পড়ুন

ধর্ম-বর্ণের বিভাজন নয়,
সবাইকে নিয়ে বাংলাদেশ
গড়তে চাই: প্রধানমন্ত্রী

ফলো করুন

গুগল নিউজ

হোয়াটসঅ্যাপ

মেসেঞ্জার

স্কুল ছুটি, তাই শিশু তাসফিয়া (৮) আর লাবিব (১০) বায়না ধরেছিল খালার বাড়িতে বেড়াতে যাবে। নিজেদের কর্মস্থল ব্যাংকও ছুটি থাকায় তাদের বায়না মেটাতে ছেলে, মেয়ে ও স্বামীকে নিয়ে রাজশাহীতে বড় বোনের বাসায় বেড়াতে যাচ্ছিলেন রুবিনা আক্তার (৩৬)। কিন্তু গন্তব্যে

সর্বশেষ

সর্বাধিক পঠিত



খাদ্যগুদামের ৩১
সনাতন শ্রমিককে পূজার
উপহার দিলেন খাদ্যমন্ত্রী



কুমুদিনী কমপ্লেক্সের
সেবার ইতিহাস অনন্য:
ভারতীয় হাইকমিশনার



বাবা-মায়ের গুনাহের
দায় কি সন্তানের ওপর
পড়ে?

সব খবর

বাস-ট্রাকের সংঘর্ষে
নিহত ১২ এক পরিবারে
বাবা-মেয়ের মৃত্যু, মা ও
ছেলে হাসপাতালে

বীজ প্রতারণায় ক্ষোভ
তানোরে তোপের মুখে
কৃষক সমাবেশ পণ্ড!

লক্ষ্মীপুরে সার ডিলার
নিয়োগে অনিয়মের
অভিযোগ

পোছা হলো না তাদের। পথে বাস-ট্রাকের মুখোমুখি সংঘর্ষে নিহত হয়েছেন তার স্বামী ও মেয়ে। রুবিলা ও তার ছেলে লাবিব হাসানও (১০) গুরুতর আহত হন।

এ সময় তাসফিয়ার কোলে থাকা তার শখের বিড়ালটিও মনিবের সঙ্গেই মৃত্যুর কোলে ঢলে পড়ে। এক নিমেষে শেষ হয়ে গেলো তাদের সাজানো সংসার।

রুবিলাকে এখনো জানানো হয়নি তার স্বামী-সন্তানের মৃত্যুর খবর। মঙ্গলবার ভোরে নাটোরের বড়াইগ্রামের বনপাড়া পুলিশ তদন্ত কেন্দ্রের সামনে নাটোর-পাবনা মহাসড়কে দুর্ঘটনাটি ঘটে। এতে অন্তত ১২ জন নিহত ও ৩০ জন আহত হন।

বনপাড়া হাইওয়ে থানায় লাশ নিতে আসা নিহত শহিদুল ইসলামের ভাগ্নি জামাই মমিনুর রনি জানান, পটুয়াখালীর মির্জাগঞ্জ উপজেলার সুবিদখালি গ্রামের শহীদুল ইসলামের স্ত্রী রুবিলা খাতুন পুবালাী ব্যাংকের সুবিদখালি শাখার জ্যেষ্ঠ কর্মকর্তা। আর শহীদুল ইসলাম ব্র্যাক ব্যাংকের মাগুরা শাখার ম্যানেজার ছিলেন।

কিছুদিন আগে তারা দুজনেই ওমরাহ করে এসেছেন। দুর্ঘটনায় শহীদুল (৪০) ও তাদের মেয়ে তাসফিয়া খাতুন (৮) মারা গেছেন। তাসফিয়া তৃতীয় শ্রেণির শিক্ষার্থী ছিল, আর ছেলে লাবিব পঞ্চম শ্রেণিতে পড়ে।

রুবিনার দুলাভাই রাজশাহীর পাঠানপাড়া এলাকার বাসিন্দা শহিদুর রহমান ইস্টার্ন ব্যাংকের কর্মকর্তা। তিনি খবর পেয়ে সকাল ১১ টার দিকে স্ত্রীসহ নাটোর সদর হাসপাতালে ভর্তি লাবিব আর তার মা রুবিনার চিকিৎসার জন্য আসেন। এ সময় তিনি জানান, পুজার ছুটি কাটাতে সন্তানদের নিয়ে পটুয়াখালী থেকে রওনা হন রুবিলা। পথে মাগুরা থেকে একই বাসে ওঠেন তার স্বামী। ভোরে তাদের রাজশাহীতে পৌঁছার কথা ছিল। কিন্তু দেরি হওয়ায় খোঁজ নিতে গিয়ে দুর্ঘটনার খবর জানতে পারেন। তিনি আবেগজড়িত কণ্ঠে বলেন, তারা পুজার ছুটিটা আমাদের বাসায় কাটাতে চেয়েছিলো। কিন্তু একটা দুর্ঘটনায় সব পরিকল্পনা ভেঙে গেল, জীবনটাও এলোমেলো হয়ে গেলো।

হাসপাতালের শয্যায় ব্যথায় কাতরাচ্ছে রুবিলা আক্তার। এর মধ্যেও বারবার জানতে চাইছে তার স্বামী ও মেয়ে কোথায়। কিন্তু স্বামী শহীদুল ইসলাম ও মেয়ে তাহফিয়া আর বেঁচে নেই এ খবর জানলে তার কি পরিস্থিতি হবে সে ভয়ে এখনো বলতে পারিনি, যে তারা আর নেই।

বড়াইগ্রাম

নাটোর

■ সম্পর্কিত খবর



নাটোরে সড়ক দুর্ঘটনায়
নিহত যাদের পরিচয় মিলেছে



নাটোরে বাস-ট্রাক সংঘর্ষে
নিহত বেড়ে ১৪



নাটোরে বাস-ট্রাক সংঘর্ষে
নিহত ১০



এক বস্তা সারের জন্য
ভোররাত থেকে লাইনে
কৃষক



মদের বোতল হাতে
বিদ্যালয়ের মাঠে
শিক্ষার্থীদের নাচানাচি,
ভিডিও ভাইরাল



হাসপাতালে নির্ধারিত সময়ে
উপস্থিত না হলে সংশ্লিষ্টদের
বিরুদ্ধে ব্যবস্থা: দুলু

সারাদেশ

বীজ প্রতারণায় ক্ষোভ

তানোরে তোপের মুখে কৃষক সমাবেশ পণ্ড!

সর্বশেষ

সর্বাধিক পঠিত

